# উচ্চশিক্ষা প্রসারে সরকারের ভূমিকা অনুকরণীয়

—অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি

**যুগান্তর রিপোর্ট,** *নবাবগঞ্জ*

সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি বলেছেন, সরকার শিক্ষা ক্ষেত্রে ব্যাপক অবদান রাখছে। সারা দেশের কলেজগুলো জাতীয়করণের মাধ্যমে উচ্চশিক্ষার প্রসারে সরকারের ভূমিকা অনুকরণীয়। এ সুযোগ কাজে লাগিয়ে গ্রামের সাধারণ মানুষের সন্তানদের সুশিক্ষিত হয়ে সমাজ বিনির্মাণে অগ্রসর হতে হবে।

মঙ্গলবার ঢাকার নবাবগঞ্জ উপজেলার দোহার-নবাবগঞ্জ সরকারি কলেজের স্থাবর-অস্থাবর সম্পত্তি সরকারের কাছে হস্তান্তর অনুষ্ঠানে এ কথা বলেন কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি সালমা ইসলাম এমপি। তিনি আরও বলেন, 'আমার আন্তরিক প্রচেষ্টা, সবার সহযোগিতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিকতায় এ কলেজটি সরকারিকরণের তালিকায় স্থান পাওয়ায় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানাই। সিদ্ধান্তটি এ অঞ্চলের সাধারণ মানুষের সন্তানদের লেখাপড়ায় একটি মাইলফলক হয়ে থাকবে। তারা স্বল্প খরচে উচ্চশিক্ষা গ্রহণ করে পরিবার ও সমাজের উন্নয়নে অবদান রাখতে পারবে।' ১৯৬৫ সালে দোহার-নবাবগঞ্জে শিক্ষার আলো ছড়াতে মরহুম আতাউদ্দিন খানসহ কিছু উদ্যমী তরুণ রাজনীতিক কলেজটি প্রতিষ্ঠায় কাজ করেছেন। তার ধারাবাহিকতায় আজ দোহার-নবাবগঞ্জ কলেজ একটি ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠানে পরিণত হয়েছে। অনেক চেষ্টা করেও অর্ধশত বছরে কলেজটি জাতীয়করণ হয়নি। অবশেষে দোহার-নবাবগঞ্জের সংসদ সদস্য অ্যাডভোকেট সালমা ইসলামের প্রচেষ্টায় কলেজটি আজ সরকারি হয়েছে। কলেজ গভর্নিং বডির সব সদস্য, প্রতিষ্ঠাতা ও দাতা সদস্য এবং শিক্ষকদের উপস্থিতিতে নগদ টাকাসহ প্রায় ৪৭ কোটি টাকার সম্পত্তি সরকারের কাছে হস্তান্তর করা হয়। এ সময় উপস্থিত ছিলেন গভর্নিং বডির সদস্য আবদুল বাতেন মিয়া, নাসির উদ্দিন আহমেদ ঝিলু, উপজেলা ভাইস চেয়ারম্যান মহসীন রহমান আকবর, ড. রফিক উদ্দিন আহমেদ, হাসানুজ্জামান খান, রোজি খান, ইফতেখার আল ফারুকী, আলহাজ মো. ইব্রাহীম খলিল, একেএম আবদুল হালিম, সাবেক অধ্যক্ষ মানবেন্দ্র দত্ত, ভারপ্রাপ্ত অধ্যক্ষ আনোয়ার হোসেন, এ কলেজের সাবেক ভিপি হারুনুর রশিদ ওসমানী, মহসীন আহমেদ পলাশ, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জালাল উদ্দিন, জাতীয় পার্টির নেতা হুমায়ুন কবির, জুয়েল আহমেদ, খলিলুর রহমান, আসাদুজ্জামান চৌধুরী রানা প্রমুখ। সংসদ সদস্য সালমা ইসলাম একইদিন দোহারের জয়পাড়া মালাকার বাড়িতে শীতলা পূজা ও মেলার অনুষ্ঠানে উপস্থিত হন।